ASSET Project

"দক্ষতা নিজের সম্পদ
দক্ষ জনশক্তি দেশের সম্পদ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, পটুয়াখালী
ফোন নম্বরঃ ০২৪৭৮৮৩৫৬৭৬
Email: ttcpatuakhali@gmail.com

"একটাই লক্ষ্য হতে হবে দক্ষ"

# ASSET প্রকল্পের আওতায় সম্পূর্ণ ফ্রী কোর্সে ভর্তি চলছে

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর আওতাধীন কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, পটুয়াখালীতে নিম্নে বর্ণিত কোর্সসমূহে সরকারি খরচে বেকার যুব পুরুষ ও মহিলা, অনগ্রসর, হতদরিদ্র, সুবিধাবঞ্চিত, উপজাতি এবং প্রতিবন্ধীদের কর্মসংস্থানের লক্ষ্যে **Accelerating and Strengthening Skills for Economic Transformation (ASSET)** এর আওতায় পরিচালিত ০৪ (চার) মাস মেয়াদী(৩৬০ ঘন্টা) শর্ট কোর্সে মে-আগস্ট/২০২৫ খ্রিঃ সেশনে ভর্তি ইচ্ছুক প্রশিক্ষণার্থীদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে ।

| ক্রঃ নং | কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড অনুযায়ী স্বল্প মেয়াদী কোর্সসমূহ | যে সকল লেভেল সম্পন্ন করতে হবে | আসন সংখ্যা | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা | বয়স (০১/০৫/২০২৫ তারিখে) | প্রযোজনীয় তথ্যের জন্য যোগাযোগ |
|---|---|---|---|---|---|---|
| ০১ | কম্পিউটার অপারেশন | NSDA Level -3 | ২৪ জন | ন্যূনতম এসএসসি/ সমমান পাশ। | ১৮-৪০ বছর | ০১৭১৯-৯৩৫৫৭৫ |
| ০২ | রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং | NSDA Level -1/2 | ২৪ জন | ন্যূনতম অষ্টম শ্রেণী/ সমমান পাশ। | ১৮-৪০ বছর | ০১৭৪০-২৯৫৮৬৯ |
| ০৩ | ইলেকট্রিক্যাল ইনস্টলেশন এন্ড মেইনটেইন্যান্স | NSDA Level -2 | ২৪ জন | ন্যূনতম অষ্টম শ্রেণী/ সমমান পাশ। | ১৮-৪০ বছর | ০১৭১৫-৭৪৩০৭৫ |
| ০৪ | ট্রেইলারিং এন্ড ড্রেস মেকিং | NSDA Level -2 | ২৪ জন | ন্যূনতম অষ্টম শ্রেণী/ সমমান পাশ। | ১৮-৪০ বছর | ০১৭১৭-৮২৭৬২৬ |
| ০৫ | ড্রাইভিং | NSDA Level -3 | ২৪ জন | ন্যূনতম অষ্টম শ্রেণী/ সমমান পাশ। | ১৮-৪০ বছর | ০১৭১১-৭৫১৪৭৪ |

## ভর্তির জন্য নিয়মাবলীঃ-

০১। অত্র প্রতিষ্ঠানের **Website: www.patuakhalittc.gov.bd** হতে ভর্তির আবেদন ফরম সংগ্রহ করে: নিজ হাতে পূরণপূর্বক নির্ধারিত তারিখের মধ্যে অফিস চলাকালীন (সকাল:-৯:০০ ঘটিকা হতে বিকাল ৪:০০ ঘটিকা) অত্র কেন্দ্রের প্রশিক্ষণ শাখায় জমা দিতে হবে।

০২। আবেদনকারী ইতোপূর্বে SEIP ও দেশ-বিদেশে ড্রাইভিং প্রকল্পে কোন প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণ করে থাকলে তার আবেদন করার প্রয়োজন নাই।

০৩। ভর্তি ফরমের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি রঙিন ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র/প্রশংসাপত্র নম্বরপত্রের ফটোকপি, পৌরসভা/ইউনিয়ন পরিষদের মেয়র/চেয়ারম্যান বা ওয়ার্ড কাউন্সিলার কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্রের ফটোকপি এবং জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক বাৎসরিক আয়ের প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে।

০৪। আবেদনকারীকে প্রশিক্ষণ কার্যক্রমে নূন্যতম ৯০% উপস্থিতি নিশ্চিত করতে হবে। অন্যথায় NSDA LEVEL পরীক্ষায় অংশগ্রহন করতে পারবে না এবং কোন প্রকার প্রশিক্ষণ ভাতা প্রাপ্য হবে না।

০৫। নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী ভর্তি পরীক্ষা ও ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হবে।

| বিবরণ | তারিখ | সময়সূচী |
|---|---|---|
| আবেদন পত্র বিতরন শুরু | ০৬/০৪/২০২৫ খ্রিঃ | সকাল ৯:০০ ঘটিকা হতে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত। |
| আবেদন জমা গ্রহন শেষ | ২৪/০৪/২০২৫ খ্রিঃ | বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত। |
| ভর্তি পরীক্ষা | ২৮/০৪/২০২৫ খ্রিঃ | সকাল ১০:০০ ঘটিকায় |
| ফলাফল প্রকাশ | ২৮/০৪/২০২৫ খ্রিঃ | বিকাল ০৫:০০ ঘটিকায় |
| নির্বাচিত প্রার্থীদের ভর্তি | ২৯/০৪/২০২৫ খ্রিঃ | সকাল ০৯:০০ ঘটিকা হতে বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত। |
| অপেক্ষমাণ তালিকা হতে ভর্তি | ৩০/০৪/২০২৫ খ্রিঃ | শূন্য আসনে ভর্তির জন্য আবেদন করতে হবে। |
| ক্লাশ শুরু | ০৪/০৫/২০২৫ খ্রিঃ | দুপুর ০১:০০ ঘটিকায় |
| ক্লাসের সময় | প্রতি মাসে ২২ দিন | দৈনিক ৪ ঘন্টা (বৈকালীন) |

## সুযোগ সুবিধা সমূহ ঃ

০১। নিয়মিত উপস্থিতির ভিত্তিতে পরীক্ষায় সফলভাবে উত্তীর্ণ হওয়া সাপেক্ষে প্রতিমাসে ১৫০০.০০ টাকা হারে (পুরুষ) এবং ২০০০.০০ টাকা হারে (নারী, প্রতিবন্ধী ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী) প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে (বাজেট বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে)।

০২। দৈনিক ১০০ টাকা হারে মাসিক সর্বোচ্চ ২২০০.০০ টাকা যাতায়াত ভাতা প্রদান করা হবে (বাজেট বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে)। অবশ্যই সকল পরীক্ষা কার্যক্রম সফলভাবে উত্তীর্ণ হতে হবে।

০৩। হতদরিদ্র, ক্ষুদ্র নৃ-গোষ্ঠি, অনগ্রসর এবং বেকার যুব-যুবতীদের ভর্তির ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে।

০৪। সফলভাবে উত্তীর্ণ প্রশিক্ষণার্থীদের দেশে-বিদেশে চাকুরী প্রদানের সুযোগ রয়েছে।

বিঃ দ্রঃ- কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে এই বিজ্ঞপ্তি সংশোধন/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
বিস্তারিত তথ্যের জন্য অত্র কেন্দ্রে প্রশিক্ষণ শাখায় যোগাযোগ করুন। (সকাল ৯.০০- বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে) মোবাইল নং- ০১৪০৪৪১৩১৬৭।

স্বাঃ
অধ্যক্ষ
কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, পটুয়াখালী।